



গণজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
জেলা কার্যালয়, সিরাজগঞ্জ
www.doict.sirajganj.gov.bd

স্মারক নম্বর: ৫৬.০৪.৮৮০০.০০০.০০০.১৬.০০০১.২৩.৩২

তারিখ: ১৪ বৈশাখ ১৪৩৩
২৭ এপ্রিল ২০২৬

বিষয়: জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা-২০২৬ আয়োজন উপলক্ষে এক্সিভেশন ক্যাম্পেইনে অংশগ্রহণ প্রসঙ্গে।

সূত্র: বিসিসি ঢাকা এর স্মারক নম্বর ৫৬.০১.০০০০.০০০.০০৭.১৩.০০০১.২৬.৪৮ তারিখ: ২৮/০৪/২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর উদ্যোগে দেশব্যাপী **জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা-২০২৬** আয়োজনের লক্ষ্যে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিতকল্পে এক্সিভেশন ক্যাম্পেইন পরিচালনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

২. উক্ত প্রোগ্রামিং প্রতিযোগিতায় মোট তিনটি ক্যাটাগরিতে অংশ নিতে পারবে জুনিয়র (৬ষ্ঠ-৮ম শ্রেণি), সেকেন্ডারি (৯ম হতে ১০ম শ্রেণি) এবং হায়ার সেকেন্ডারি (১১শ থেকে ১২শ শ্রেণি) পর্যন্ত যে কেউ- সাধারণ শিক্ষা, মাদ্রাসা, কারিগরি শিক্ষাবোর্ডের ক্ষেত্রে পলিটেকনিক ৪র্থ সেমিস্টারের শিক্ষার্থীরা এবং ইংরেজি মাধ্যমের ক্ষেত্রে ২০২৬ সালের O/A লেভেল পর্যন্ত পরিক্ষার্থীরা অংশ নিতে পারবে।

৩. কুইজ প্রতিযোগিতায় অংশ নিতে পারবে দুইটি গ্রুপে- জুনিয়র (৬ষ্ঠ-৮ম শ্রেণি) এবং সেকেন্ডারি (৯ম-১০ শ্রেণি)।

৪. প্রোগ্রামিংয়ে C, C++ বা Python ব্যবহার করে ৬ থেকে ১০ টি প্রোগ্রামিং সমস্যা সমাধান করতে হবে।

৫. এই প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য অনলাইনে <https://nhspc.bcc.gov.bd/> ঠিকানায় গিয়ে রেজিস্ট্রেশন করতে হবে। ২৪ টি আঞ্চলিক ভেন্যুর যেকোন একটিতে গিয়ে স্বশরীরে প্রতিযোগিতায় অংশ নিতে হবে। আঞ্চলিক প্রতিযোগিতার বিজয়ীদের নিয়ে চূড়ান্ত পর্ব ঢাকায় অনুষ্ঠিত হবে। বিজয়ীদের জন্য সার্টিফিকেট এবং নানান আকর্ষণীয় পুরস্কারের আয়োজন করা হয়েছে। উক্ত প্রোগ্রামিং ও কুইজ প্রতিযোগিতায় রেজিস্ট্রেশন করা যাবে ০২ মে, ২০২৬ রাত ১২.০০ ঘটিকা পর্যন্ত।

৬. উক্ত প্রতিযোগিতার এক্সিভেশন ক্যাম্পেইন আগামী ২৮ এপ্রিল, ২০২৬ খ্রি. তারিখে বেলা ১১.০০ ঘটিকায় সিরাজগঞ্জ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড মাধ্যমিক বিদ্যালয়, সিরাজগঞ্জে অনুষ্ঠিত হবে। উক্ত ক্যাম্পেইনে প্রোগ্রামিং ও কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহণের উচ্ছুক ছাত্র-ছাত্রীদের উপস্থিতি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো

২৭-০৪-২০২৬

আব্দুল্লাহ আল রহমান

প্রোগ্রামার

ফোন : ০২৫৮৭৭৫৬৯৯৩

ইমেইল : sirajganjdoict@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক,, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।

২। সহকারী শিক্ষক আইসিটি,, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।


স্মারক নম্বর: ৫৬.০৪.৮৮০০.০০০.০০০.১৬.০০০১.২৩.৩২/১ (৬)

তারিখ: ১৪ বৈশাখ ১৪৩৩
২৭ এপ্রিল ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। নির্বাহী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল।
- ২। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ৩। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), এডিসি (শিক্ষা ও আইসিটি) এর গোপনীয় শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।
- ৫। সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামারের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।
- ৬। অফিস কপি, অফিস কপি।




২৭-০৪-২০২৬
আব্দুল্লাহ আল রহমান
প্রোগ্রামার